# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (b) ২০২২ সালের ২৪-২৭ মার্চ হায়দরাবাদের বেগমপেট বিমানবন্দরে অনুষ্ঠিত হতে চলেছে এশিয়ার বৃহত্তম সিভিল অ্যাভিয়েশন ইভেন্ট 'Wings India - 2022'। এর থিম হল– 'India@75 : New Horizon for Aviation Industry'। এই ইভেন্টটি MoCA, AAI এবং FICCI কর্তৃক যৌথভাবে আয়োজন করা হবে। অ্যাচিভার্স
2. (d) গ্রন্থটি চলচ্চিত্রাভিনেত্রী ও বিশিষ্ট রাজনীতিবিদ স্মৃতি ইরানি লিখেছেন। তিনি বর্তমানে কেন্দ্রীয় ক্যাবিনেট মন্ত্রী হিসাবে নিযুক্ত আছেন।
3. (b) ইন্ডিয়ান পুলিশ ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত SMART Policing Index - 2021-এর তালিকায় প্রথম স্থানে রয়েছে অন্ধ্রপ্রদেশ। এই তালিকায় সর্বনিম্ন স্থানে রয়েছে বিহার।
4. (a) ভারতের প্রাক্তন ব্যাডমিন্টন তারকা প্রকাশ পাড়ুকোন ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন (BWF) কর্তৃক লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। তিনি ১৯৮৩ সালের ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ, ১৯৮০ ও ১৯৮১ সালের ওয়ার্ল্ড কাপে যথাক্রমে ব্রোঞ্জ ও সোনার মেডেল জয়লাভ করেছেন।
5. (b) ইন্দো-মার্কিন অর্থনীতিবিদ অভিজিৎ ব্যানার্জি সম্প্রতি 'Cooking to Save your life' নামক গ্রন্থটি রচনা করেছেন। তিনি ২০১৯ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কারে ভূষিত হয়েছেন।
6. (b) ২১ নভেম্বর কাতারের লোসানি ইন্টারন্যাশনাল সার্কিটে এইবার প্রথম অনুষ্ঠিত কাতার গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন ব্রিটেনের মার্সিডিজ ড্রাইভার লুইস হ্যামিল্টন। অ্যাচিভার্স
7. (d) অস্ট্রেলিয়ার প্রাক্তন ক্রিকেটার এবং ক্রিকেট প্রশাসক জেফ আল্লারডিস ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিলের স্থায়ী সিইও হিসাবে নিযুক্ত হলেন।
8. (c) গুরমীত বাওয়া একজন জনপ্রিয় পাঞ্জাবি লোকসংগীত শিল্পী ছিলেন। তিনি 'লম্বি হক দি মালিকা' নামে অধিক পরিচিত। তিনি 'সংগীত নাটক অ্যাকাডেমি' পুরস্কারে ভূষিত হয়েছেন।
9. (b) ব্রিজেন্দর নাথ গোস্বামী একজন ভারতীয় শিল্প সমালোচক ও শিল্পকলা সংক্রান্ত ইতিহাসবিদ। তিনি ২০০৮ সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স
10. (a) মৎস্য চাষী ও মৎস্যজীবীদের অবদানকে স্বীকৃতি জানাতে ২১ নভেম্বর সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ফিশারিজ ডে' উদযাপিত হয়। ২০১৫ সালে এটি প্রথম পালন করা হয়েছিল।
11. (c) এল সালভাদোরের প্রেসিডেন্ট নায়িব বুকালে সম্প্রতি ঘোষণা করেছেন যে এল সালভাদোরের পূর্বাংশে বিটকয়েন সিটি গড়ে তোলা হবে যা হবে বিশ্বের প্রথম বিটকয়েন সিটি।
12. (a) এবারের এই টুর্নামেন্টে পুরুষদের সিঙ্গলসে জাপানের কেন্টো মোমোতা ডেনমার্কের অ্যান্ডার্স অ্যান্টোনসেনকে ২১-১৭, ২১-১১ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।
13. (b) অনিতা দেশাই একজন ভারতীয় লেখিকা। তিনি সাহিত্য ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ১৯৭৮ সালে সাহিত্য অ্যাকাডেমি অ্যাওয়ার্ড, ২০০৭ সালে সাহিত্য অ্যাকাডেমি ফেলোশিপ, ২০১৪ সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত হয়েছেন।
14. (a) দক্ষিণ কোরিয়ার ব্যাডমিন্টন তারকা আন সে-ইয়ং জাপানের আকানি ইমাগুচিকে ২১-১৭, ২১-১৯ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।
15. (d) মণিপুরের তামেংলং জেলার সাহস ও বীরত্বের প্রতীক হলেন রানি গাইদিনালিউ। তাই ভারতের উপজাতীয় স্বাধীনতা সংগ্রামীদের সম্মান জানাতে এই জাদুঘরটির ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। এই জাদুঘরটি তৈরি করার জন্য কেন্দ্রীয় সরকার ১৫ কোটি টাকা ব্যয় বরাদ্দ করেছে।
16. (a) ডেভিড টিনান্ট একজন স্কটিশ অভিনেতা। তিনি 'Des' চলচ্চিত্রে অভিনয় করার জন্য এই পুরস্কারে ভূষিত হয়েছেন। তিনি ২০০৭ ও ২০১৪ সালে বাফটা এবং ২০১৩ সালে ডে টাইম এমি পুরস্কারে ভূষিত হয়েছেন।
17. (c) ভারতীয় সেনাবাহিনীর সাউদার্ন কমান্ড 'Dakshin Shakti' নামক সামরিক মহড়া আয়োজন করেছিল। 'Dakshin Shakti' এর অংশ হিসাবে ১৯-২২ নভেম্বর 'Sagar Shakti' নাম মাল্টি-এজেন্সি এক্সারসাইজ অনুষ্ঠিত হয়েছিল। এতে ভারতীয় সেনাবাহিনী, নৌবাহিনী, বায়ুসেনাবাহিনী, উপকূলীয় বাহিনী, বর্ডার সিকিউরিটি ফোর্স অংশগ্রহণ করেছিল।
18. (a) ভারতের রাষ্ট্রায়ত্ত বেসরকারি আইসিআইসিআই ব্যাঙ্ক 'Trade Emerge' চালু করেছে।
   **এক নজরে ICICI Bank:–** অ্যাচিভার্স
   ☞ প্রতিষ্ঠাকাল — ১৯৫৫ সাল।
   ☞ সদর কার্যালয় — ভদোদরা (গুজরাট) এবং মুম্বাই।
19. (c) মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান ইন্দোরের পাতালপানি রেলওয়ে স্টেশনের নাম পরিবর্তন করে জনপ্রিয় উপজাতি আইকন তাঁতিয়া ভিলের নামে রাখার সিদ্ধান্ত নিয়েছে। তাঁতিয়া ভিল ভারতীয়দের কাছে 'রবিন হুড' নামে পরিচিত। অ্যাচিভার্স
20. (c) মুম্বাইয়ের এনজিও সংস্থা 'প্রথম' (Pratham) ২০২১ সালের ইন্দিরা গান্ধী শান্তি পুরস্কারে ভূষিত হল। এটি মাধব

বেন এবং ফরিদা ল্যাম্বে যৌথভাবে এই প্রতিষ্ঠানটি গড়ে তুলেছেন। এর সদর কার্যালয় মুম্বাইয়ে অবস্থিত।

21. (b) ১৯৮৫ সালের ব্যাচের আইএফএস অফিসার সৈয়দ আকবরউদ্দিন ২০১৬-২০২০ সাল পর্যন্ত ভারতের স্থায়ী প্রতিনিধি হিসাবে রাষ্ট্রসংঘে কর্মরত ছিলেন।

**এক নজরে রাষ্ট্রসংঘ—**

☞ প্রতিষ্ঠা — ১৯৪৫ সাল।

☞ সদর কার্যালয় — নিউইয়র্ক সিটি।

☞ বর্তমান সদস্য দেশ— ১৯৩টি।

অ্যাচিভার্স

22. (a) সম্প্রতি প্রকাশিত 'SDG Urban Index & Dashboard-2021-22'-এর তালিকায় সিমলা প্রথম স্থানে রয়েছে। যে তালিকায় ঝাড়খণ্ডের ধানবাদ সর্বশেষ স্থানে রয়েছে। এই ইনডেক্সটি নীতি আয়োগ কর্তৃক প্রকাশ করা হয়েছে।

23. (b) দক্ষিণ কোরিয়ার বিশিষ্ট রাজনীতিবিদ বান-কি-মুন গ্রন্থটি রচনা করেছেন। এটি একটি আত্মজীবনীমূলক গ্রন্থ। ২০০৭-২০১৬ সাল পর্যন্ত রাষ্ট্রসংঘের মহাসচিব হিসাবে দায়িত্ব পালন করেছেন।

24. (a) জার্মানির টেনিস তারকা আলেকজান্ডার জাভরেভ রাশিয়ার ড্যানিল মেদভেদেভকে ৬-৪, ৬-৪ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

**এক নজরে আলেকজান্ডারের জাভরেভের খেতাব:—**

☞ অস্ট্রেলিয়ান ওপেন — ২০২০ সাল।

☞ ফরাসি ওপেন — ২০২১ সাল।

☞ উইম্বলডন ওপেন — ২০১৭ ও ২০২১ সাল।

☞ ইউএস ওপেন — ২০২০ সাল।

অ্যাচিভার্স

25. (c) সোশাল ডেমোক্রেটিক পার্টির দলনেত্রী ম্যাগডালেনা অ্যান্ডারসন। সুইডেনের প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী স্টিফান লফভেনের স্থলাভিষিক্ত হলেন। পূর্বে তিনি অর্থমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

26. (c) দিল্লির সদর বাজার পুলিশ স্টেশন প্রথম স্থানে রয়েছে। এই তালিকায় ওড়িশার গঞ্জামের গঙ্গাপুর পুলিশ স্টেশন দ্বিতীয় স্থানে এবং হরিয়ানার ভাট্টু কালান পুলিশ স্টেশন তৃতীয় স্থানে রয়েছে।

27. (d) ২০-২৪ নভেম্বর ভারত-মালদ্বীপ-শ্রীলঙ্কার মধ্যে ত্রিপাক্ষিক উপকূলীয় মহড়া অনুষ্ঠিত হল। ভারতের পক্ষে 'ICGS Vajra' এবং 'ICGS Apoova' অংশগ্রহণ করেছিল।

28. (a) ১৯৪৯ সালের ২৬ নভেম্বর ভারতের সংবিধান আনুষ্ঠানিকভাবে গৃহীত হয়েছিল। তাই ২৬ নভেম্বর প্রতি বছর 'সংবিধান দিবস' পালিত হয়। অ্যাচিভার্স

29. (b) ২৫-২৬ নভেম্বর কাম্বোডিয়ায় ১৩তম ASEM (Asia-Europe Meeting) Summit - 2021 অনুষ্ঠিত হয়ে গেল। এই সামিটে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন উপরাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডু।

30. (b) চুন-দু-হাওয়ান দক্ষিণ কোরিয়ার বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। তিনি ১৯৮০-১৯৮৮ সাল পর্যন্ত সেদেশের পঞ্চম প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালন করেছেন।

31. (b) কেন্দ্রীয় রেলমন্ত্রীর সাম্প্রতিক ঘোষণা অনুযায়ী থিমভিত্তিক টুরিস্ট সার্কিট ট্রেন চালু হতে চলেছে। এটি বেসরকারি ক্ষেত্র এবং IRCTC দ্বারা নিয়ন্ত্রিত হবে। প্রাথমিকভাবে বিভিন্ন সাংস্কৃতিক ও ঐতিহ্যবাহী স্থানে ১৯০টি পর্যটন সার্কিট ট্রেন চালুর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

32. (d) মারুফ রাজা ভারতের অবসরপ্রাপ্ত সেনা অফিসার। বইটিতে চীন এবং তিব্বতের সঙ্গে ভারতের সীমানা নির্ধারণের ইতিহাস বর্ণনা করা হয়েছে। তাঁর লেখা অপর একটি গ্রন্থ হল 'Kashmir's Untold Story' (গ্রন্থটির সহলেখক হলেন ইকবাল চাঁদ মালহোত্রা)।

33. (c) ২৬ নভেম্বর 'হোয়াইট রিভোলিউশনের জনক' ভার্গিস কুরিয়েনে'র জন্মবার্ষিকী উপলক্ষ্যে সারা দেশজুড়ে 'ন্যাশনাল মিল্ক ডে' উদযাপিত হয়।

**এক নজরে কুরিয়েন—**

☞ জন্ম — ২৬ নভেম্বর, ১৯২১।

☞ মৃত্যু— ৯ সেপ্টেম্বর, ২০১২।

☞ প্রাপ্ত পুরস্কার — ওয়ার্ল্ড ফুড প্রাইজ (১৯৮৯), পদ্মবিভূষণ (১৯৯৯), পদ্মভূষণ (১৯৬৬), পদ্মশ্রী ১৯৬৫) প্রভৃতি।

অ্যাচিভার্স

34. (c) আহমেদ নাসার আল-রাইসি হলেন সংযুক্ত আরব আমিরশাহির ইন্সপেক্টর জেনারেল। তিনি বর্তমানে ইন্টারপোলের প্রেসিডেন্ট নিযুক্ত হয়েছেন।

**এক নজরে ইন্টারপোল—**

☞ প্রতিষ্ঠাকাল — ১৯২৩ সাল।

☞ সদর কার্যালয় — লিয়ন, ফ্রান্স।

অ্যাচিভার্স

35. (a) আরবিআই-এর নতুন নির্দেশানুযায়ী কোন নতুন সর্বজনীন ব্যাঙ্ক স্থাপনের জন্য ন্যূনতম প্রাথমিক মূলধন ১০০০ কোটি টাকা লাগবে যা পূর্বে ছিল ৫০০ কোটি টাকা।

36. (c) সনন্ত তাঁতি একজন প্রোথিতযশা অসমীয়া কবি ছিলেন। তিনি ২০১৭ সালে অসম ভ্যালি লিটারারি অ্যাওয়ার্ড, ২০১৮ সালে সাহিত্য অ্যাকাডেমি অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

37. (b) বিশ্ব স্বাস্থ্য সংস্থা 'হু' দক্ষিণ আফ্রিকায় করোনা ভাইরাসের নতুন ভ্যারিয়েন্ট B.1.1.529 এর সন্ধান পেয়েছে যার নাম দিয়েছে ওমিক্রন (Omicron)। প্রসঙ্গত উল্লেখ্য, সম্প্রতি চিহ্নিত করোনার অন্যান্য ভ্যারিয়েন্টগুলি হল— আলফা (B.1.1.7), বেটা (B.1.351), গামা (P.1), ডেল্টা (B.1.617.2)।

38. (b) ভারতীয় নৌবাহিনী মুম্বাইয়ে অবস্থিত নাভাল ডকইয়ার্ডে INS Vela অন্তর্ভুক্ত করা হয়েছে। অ্যাচিভার্স

39. (b) স্টিভেন জোসুয়া সুন্ধিম একজন মার্কিন সংগীত সুরকার ও গীতিকার ছিলেন। তিনি সমগ্র সংগীত জীবনে একবার অস্কার, ৮ বার গ্র্যামি এবং ৮ বার টনি অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

40. (a) ডক্টর এ সূর্যপ্রকাশের লেখা 'Democracy Politics and

Governance' নামক গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ করেন উপরাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডু। এটি হিন্দিতেও প্রকাশিত হয়েছে, যার নাম হল– 'লোকতন্ত্র', 'রাজনীতি এবং ধরম'।

41. (d) কেরলের পর্যটন দপ্তর পর্যটন শিল্পের উন্নয়ন ঘটানোর জন্য সম্প্রতি STREET (Sustainable, Tangible, Responsible, Experiential, Ethnic, Tourism hubs) নামক প্রোজেক্ট চালু করেছে।

42. (a) ভারতীয় রেল জিরিবাম - ইম্ফল রেলওয়ে লাইনে বিশ্বের বৃহত্তম পিয়ার রেলওয়ে ব্রিজ গড়ে তুলতে চলেছে। এই ব্রিজটির উচ্চতা ১৪১ মিটার এবং এর মোট দৈর্ঘ্য ৭০৩ মিটার। প্রসঙ্গত উল্লেখ্য বর্তমানে বিশ্বের উচ্চতম পিয়ার ব্রিজ হল 'মালা-রাজেকা ভিয়াডাক্ট' যেটি ইউরোপের মন্টেনিগ্রোতে অবস্থিত এবং যার উচ্চতা ১৩৯ মিটার।

43. (b) অভীজ্ঞ কূটনীতিক বিবেক জোহরি সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস (CBIC) এর চেয়ারম্যান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী এম অজিত কুমারের স্থলাভিষিক্ত হলেন। তিনি ১৯৮৫ সালের ব্যাচের আইআরএস অফিসার।

44. (c) ভারতের বিশিষ্ট স্কোয়াশ তারকা সৌরভ ঘোষাল ২০২১ সালের মালয়েশিয়ান ওপেন স্কোয়াশ চ্যাম্পিয়নশিপে কলম্বিয়ার মিগুয়েল রডরিগুয়েজকে ১১-৭, ১১-৮, ১৩-১১ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

45. (c) ভারতের বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা 'ধেনুশ' ব্রিকস ফিল্ম ফেস্টিভ্যালে শ্রেষ্ঠ অভিনেতা বিভাগে পুরস্কৃত হলেন। ধেনুশ এর মূল নাম হল ভেঙ্কটেশ প্রভু কস্তুরি রাজা। তিনি চারবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার, একবার ফিল্ম ফেয়ার অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

46. (a) মালয়েশিয়ান ওপেন স্কোয়াশ চ্যাম্পিয়নশিপে মহিলাদের বিভাগে মালয়েশিয়ার আইফা আজমান মিশরের সালমা হ্যানিকে ১২-১০, ১১-১৮, ১১-৪ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন। অ্যাচিভার্স

47. (d) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগীদের ঋণ প্রদানের জন্য নন-ব্যাঙ্কিং ফিন্যান্সিয়াল সংস্থা Capri Global Capital Limited এর কো-লেন্ডিং এগ্রিমেন্ট করেছে। এই চুক্তি অনুযায়ী ব্যাঙ্ক, সংশ্লিষ্ট সংস্থাকে ১০ লক্ষ টাকা থেকে ১ কোটি টাকা অবধি ঋণ দিতে পারবে।

48. (b) এইডস রোগ সংক্রান্ত সচেতনতা গড়ে তুলতে প্রতি বছর ১ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে এই দিবস পালিত হয়। এবছর এই দিবসের থিম হল— 'End Inequalities. End AIDS and End Pandemics'।

49. (b) ২০-২৮ নভেম্বর ২০২১ তারিখে ৫২তম ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়াতে শ্রেষ্ঠ চলচ্চিত্র হিসাবে গোল্ডেন পিকক অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছে জাপানের পরিচালক মাসাকাজু কানেকো পরিচালিত 'Ring Wandering' চলচ্চিত্রটি।

50. (d) ভারতীয় বংশোদ্ভূত পরাগ আগরওয়াল সোশাল নেটওয়ার্কিং সাইট ট্যুইটারের সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জ্যাক দোরশির স্থলাভিষিক্ত হলেন।

51. (d) আয়াজ মেমন একজন বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক, লেখক ও আইনজীবী ছিলেন। তিনি Mid-Day, Bombay Times, Times of India প্রভৃতি সংবাদপত্রে দক্ষতার সহিত কাজ করেছেন। অ্যাচিভার্স

52. (a) ইকনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট (EIU) কর্তৃক প্রকাশিত WorldWide Cost of Living Inxed-2021 এর তালিকায় ইজরায়েলের তেল আভিব শহরটি প্রথম স্থানে রয়েছে। এই তালিকায় ফ্রান্সের প্যারিস দ্বিতীয় স্থানে রয়েছে এবং সর্বনিম্ন স্থানে রয়েছে সিরিয়ার দামাস্কাস।

53. (d) ন্যাশনাল স্ট্যাটিসটিক্যাল অফিস (NSO) Q2FY-22 এ ভারতের জিডিপি বৃদ্ধির মাত্রা ৮.৪% নির্ধারণ করেছে, যা Q2FY-21 এ ৭.৪% নির্ধারণ করেছিল।

54. (d) হরিয়ানার ৩৫তম মুখ্যসচিব হিসাবে সঞ্জীব কৌশল নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বিজয় বর্ধনের স্থলাভিষিক্ত হলেন। সঞ্জীব কৌশল ১৯৮৬ সালের ব্যাচের আইএএস অফিসার। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে অ্যাডিশনাল চিফ সেক্রেটারি হিসাবে কর্মরত ছিলেন।

55. (c) ১৯৮৪ সালের ভোপাল গ্যাস দুর্ঘটনার ৩৭তম বর্ষে এই বছর ২ ডিসেম্বর সারা দেশজুড়ে 'ন্যাশনাল পলিউশন প্রিভেনশন ডে' উদযাপিত হল।

**এক নজরে ভোপাল গ্যাস দুর্ঘটনা—**

☞ তারিখ— ২-৩ ডিসেম্বর, ১৯৮৪। অ্যাচিভার্স
☞ স্থান— ভোপাল, মধ্যপ্রদেশ।
☞ বিষক্রিয়া— মিথাইল আইসোসায়ানেট।
☞ মৃত্যু— ৩৭৮৭ জন (প্রায়)।

56. (a) ভারতীয় জনতা পার্টির মুখপাত্র সম্বিত পাত্র ইন্ডিয়া ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন (ITDC) এর চেয়ারম্যান হিসাবে পরবর্তী তিন বছরের জন্য নিযুক্ত হলেন।

**এক নজরে ITDC—**

☞ প্রতিষ্ঠাকাল— ১৯৬৬। অ্যাচিভার্স
☞ সদর কার্যালয়— নতুন দিল্লি।

57. (d) কেন্দ্রীয় সরকারের ২৪ ঘণ্টা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রকল্পকে বাস্তবায়িত করতে পশ্চিমবঙ্গ সরকার বৈদ্যুতিক ক্ষেত্রে নির্ভরযোগ্য উন্নয়নের জন্য সম্প্রতি ইন্টারন্যাশনাল ব্যাঙ্ক ফর রিকন্সট্রাকশান অ্যান্ড ডেভেলেপমেন্ট (IBRD) থেকে ১৩৫ মিলিয়ন মার্কিন ডলার ঋণ গ্রহণ করেছে।

**এক নজরে IBRD—**

☞ প্রতিষ্ঠাকাল— ১৯৪৪।
☞ সদর কার্যালয়— ওয়াশিংটন ডিসি। অ্যাচিভার্স
☞ বর্তমান সদস্য দেশ— ১৮৯।

58. (b) ভারতের Indian Farmers Fertilizers Cooperative Ltd. (IFFCO) বিশ্বের ৩০০টি কো-অপারেটিভ কোম্পানির তালিকায় প্রথম স্থানে রয়েছে। দ্বিতীয় স্থানে

রয়েছে Gujarat Co-operative Milk Marketing Federation Ltd.

**এক নজরে IFFCO—**

☞ প্রতিষ্ঠাকাল— ১৯৬৭।

☞ সদর কার্যালয়— নতুন দিল্লি।

59. (b) ভারত ডায়নামিক্স লিমিটেড (BDL) ভারতীয় সেনাকে IGLA-1M Missiles সরবরাহ করার জন্য ৪৭১.৪১ কোটি টাকার এক চুক্তি স্বাক্ষর করেছে।

**এক নজরে BDL—**

☞ প্রতিষ্ঠাকাল— ১৯৭০।

☞ সদর কার্যালয়— নানকরামগুডা, হায়দরাবাদ।

60. (c) ইন্ডিয়ান আর্মি পূর্ব লাদাখ অঞ্চলে নজরদারি চালানোর জন্য সম্প্রতি ইজরায়েল থেকে 'Advanced Heron Drone' ক্রয় করেছে।

61. (b) দক্ষিণ কোরিয়ার বুসান উপকূলে ২০.২৫ সাল নাগাদ এই শহর গড়ে উঠতে চলেছে। OCEANIX এবং 'UN-Habit' যৌথভাবে এই প্রকল্প বাস্তবায়িত করবে।

62. (c) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক সমগ্র ভারতের স্কুল শিক্ষার উৎকর্ষ বৃদ্ধি করার জন্য গঠনমূলক উন্নয়নে সম্প্রতি ৫০০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। এই অর্থ কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের গ্রহণ করা 'Samagra Shiksha' স্কিমে ব্যয় করা হবে।

63. (d) ইন্দো-মার্কিন মহিলা অর্থনীতিবিদ সম্প্রতি ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জিওফ্রে ওকামোতোর স্থলাভিষিক্ত হলেন।

64. (a) ভারতের সৌরভ ঘোষাল পুরুষদের বিভাগে কলম্বিয়ার মিগুয়েল রডরিগুয়েজকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

65. (a) শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক জীবনে নানান সমস্যার সম্মুখীন হওয়া থেকে মুক্ত রাখার সচেতনতা বৃদ্ধি করতে সারা বিশ্বজুড়ে ৩ ডিসেম্বর 'International Day of Persons with Disabilities' উদযাপিত হল। এবছর এই দিবসের থিম হল--- 'Leadership and Participation of Persons with Disabilities Toward and Inclusive, accessible and sustainable Post-COVID-19 World.।

66. (b) সম্প্রতি নাগাল্যান্ডের 'নাগা হেরিটেজ ভিলেজে' অনুষ্ঠিত হয়ে গেল 'ধনেশ বার্ড ফেস্টিভ্যাল'। এটি 'হর্নবিল ফেস্টিভ্যাল' বা 'ফেস্টিভ্যাল অফ ফেস্টিভ্যালস' নামেও অধিক পরিচিত।

**এক নজরে নাগাল্যান্ড—**

☞ গঠনকাল— ১৯৬৩।

☞ রাজধানী— কোহিমা।

☞ অন্যান্য উৎসব— নাগদা ফেস্টিভ্যাল, হেগা ফেস্টিভ্যাল, মিমকুট ফেস্টিভ্যাল।

67. (d) RBI প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী গুজরাট ভারতের মধ্যে শ্রেষ্ঠ ম্যানুফ্যাকচারিং হাব। উৎপাদন ক্ষেত্রে এর Gross Value Addition (GVA) পূর্বের তুলনায় ১৫% বৃদ্ধি পেয়েছে।

68. (a) বেঙ্গালুরুর ফিনটেক কোম্পানি 'কিনারা ক্যাপিটেল' এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় ক্রিকেটার রবীন্দ্র জাদেজা।

69. (d) তিনি অন্ধ্রপ্রদেশের বিশিষ্ট রাজনীতিবিদ ও দক্ষ প্রশাসক ছিলেন। তিনি ২০১১-২০১৬ তামিলনাড়ুর রাজ্যপাল, ২০০৯-২০১০ পর্যন্ত অন্ধ্রপ্রদেশের ১৫তম মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

70. (c) অ্যাডামা ব্যারো এবারের রাষ্ট্রপতি নির্বাচনে ৫৩ শতাংশ ভোট পেয়ে নির্বাচিত হয়ে প্রবল প্রতিদ্বন্দ্বী প্রার্থী ওসাইনৌ দারবোকে পরাজিত করেছেন।

71. (c) ওড়িশার ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে অনুষ্ঠিত ২০২১ সালের পুরুষদের জুনিয়র হকি ওয়ার্ল্ড কাপে আর্জেন্টিনা ৪-২ ফলাফলে জার্মানিকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

**এক নজরে এবারের ওয়ার্ল্ড কাপ—**

✓ তারিখ– ২৪ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর, ২০২১

✓ আয়োজক– ইন্টারন্যাশনাল হকি ফেডারেশন

✓ স্থান– ওড়িশা, ভারত

✓ বেস্ট প্লেয়ার– টিমোথি ক্লিমেন্ট

✓ বেস্ট গোলকিপার– অ্যান্টন ব্রিঙ্কম্যান

72. (c) আইএএস অফিসার অলকা উপাধ্যায় 'ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়ার (NHAI) চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন। NHAI কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও হাইওয়ে মন্ত্রকের অধীনে কাজ করে থাকে।

73. (c) তিনি ভারতের প্রথম মহিলা মনোরোগ বিশেষজ্ঞ ছিলেন। তিনি ১৯৯২ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন।

74. (b) কাজুভেলি জলাভূমি তামিলনাড়ুর ভিল্লুপুরম জেলায় অবস্থিত। এটি তামিলনাড়ুর ১৬তম বার্ড স্যাঙ্কচুয়ারি হিসাবে স্বীকৃতি পেল।

75. (d) RBI মহারাষ্ট্রের নগর আর্বান কো-অপারেটিভ ব্যাঙ্কের গ্রাহকদের টাকা তোলার পরিমাণ দশ হাজার টাকা নির্ধারণ করে দিয়েছে। এই ব্যাঙ্কটির সদর কার্যালয় মহারাষ্ট্রের আহমেদানগরে অবস্থিত।

76. (c) আইরিস জিওমারা কাস্ত্রো এবারের রাষ্ট্রপতি নির্বাচনে জয়লাভ করে হন্ডুরাসের প্রথম মহিলা রাষ্ট্রপতি হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন।

**একনজরে হন্ডুরাস—**

✓ মহাদেশ– উত্তর আমেরিকা

✓ রাজধানী– তেগুসিগালপা

✓ মুদ্রা– হন্ডুরান লেম্বিরা

77. (d) সম্প্রতি 'লোয়ি ইনস্টিটিউট' কর্তৃক প্রদত্ত এশিয়া পাওয়ার ইনডেক্স-২০২১ এ ভারত চতুর্থ স্থানে রয়েছে, যে তালিকায় মার্কিন যুক্তরাষ্ট্র রয়েছে প্রথম স্থানে।

78. (a) বিশিষ্ট কোঙ্কনি ঔপন্যাসিক দামোদর মাউঝো ৭৩তম জ্ঞানপীঠ পুরস্কারে ভূষিত হলেন। তিনি দ্বিতীয় কোঙ্কনি লেখক হিসাবে জ্ঞানপীঠ পুরস্কারে ভূষিত হলেন। এবারে ৫৬তম জ্ঞানপীঠ পুরস্কারে ভূষিত হয়েছেন বিশিষ্ট অসমীয়া কবি নীলমণি ফুকান জুনিয়র। অ্যাচিভার্স

79. (d) ভারতের প্রাক্তন মুখ্য নির্বাচন কমিশনার সুনীল অরোরা 'ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেকটোরাল অ্যাসিস্ট্যান্স (IDEA) এর বোর্ড অফ অ্যাডভাইজর হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি ২০১৮-১২ এপ্রিল, ২০২১ পর্যন্ত ভারতের মুখ্য নির্বাচন কমিশনার ছিলেন।

80. (c) ৬-১৯ ডিসেম্বর কাধধো আইল্যান্ডে ভারত ও মালদ্বীপ সেনাবাহিনীর মধ্যে ১১৩তম যৌথ সামরিক মহড়া 'EKUVERIN' অনুষ্ঠিত হয়ে গেল। ২০০৯ সালে প্রথম এই নৌমহড়া শুরু হয়েছিল।

81. (a) 'ফরচুন' ম্যাগাজিনের বিচারে নির্মলা সীতারামন ভারতের সবচেয়ে প্রভাবশালী মহিলা। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন নীতা আম্বানি এবং তৃতীয় স্থানে রয়েছেন সৌম্য স্বামীনাথন।

82. (c) ভারতীয় খেলোয়াড় ২০২১ সালের এশিয়ান ইউথ প্যারা গেমসে সোনা-১২, রুপো-১৫ এবং ব্রোঞ্জ-১৪ সহ মোট ৪১টি মেডেল জয়লাভ করেছে।

83. (b) ৮ ডিসেম্বর কপ্টার দুর্ঘটনায় ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ (CDS) বিপিন রাওয়াত সহ আরও অনেকে মারা গেলেন।

**এক নজরে বিপিন রাওয়াত–** অ্যাচিভার্স

✓ জন্ম– ১৬ মার্চ, ১৯৫৮

✓ ১ জানুয়ারি, ২০২০–৮ ডিসেম্বর, ২০২১– চিফ অফ ডিফেন্স স্টাফ।

✓ ২৭ সেপ্টেম্বর, ২০১৯–৩১ ডিসেম্বর, ২০১৯– চিফ অফ স্টাফ কমিটির চেয়ারম্যান।

✓ ৩ ডিসেম্বর, ২০১৬–৩১ ডিসেম্বর, ২০১৯– ভারতীয় সেনাবাহিনীর ২৬তম প্রধান।

84. (d) ৯ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল অ্যান্টি করাপশান ডে উদ্‌যাপিত হল। ২০২১ সালের এই দিবসের থিম হল– Your right, your role : say no to corruption। ২০০৩ সালে প্রথম এই দিবস উদযাপন শুরু হয়েছিল।

85. (c) উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুস্কর সিং ধামি দুগ্ধ উৎপাদনকারী ৫৩ হাজার মানুষকে উৎসাহ ভাতা দেওয়ার জন্য 'Milk Price Incentives Scheme' চালু করল।

**এক নজরে উত্তরাখণ্ড –**

✓ আয়তন– ৫৩৪৮৩ বর্গকিমি

✓ জনসংখ্যা– ১০০.৮৪ লক্ষ

✓ মোট জেলা– ১৩ অ্যাচিভার্স

✓ শিক্ষার হার– ৭৮.৮০ শতাংশ

86. (a) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক ভারতে নগর পরিকল্পনার উৎকর্ষ বৃদ্ধির জন্য ৩৫০ মিলিনয় মার্কিন ডলার প্রদান করেছে। এই অর্থ শহরে 'AMRUT-2.0', 'PMAY-U' প্রভৃতি স্কিম বাস্তবায়নে ব্যয় করা হবে। অ্যাচিভার্স

87. (c) ভারতের কিংবদন্তি স্থপতিকার বালকৃষ্ণ দোশী ২০২২ সালের রয়্যাল গোল্ড মেডেলে ভূষিত হলেন। এই পুরস্কারটি ব্রিটেনের রয়্যাল ইনস্টিটিউট অফ ব্রিটিশ আর্কিটেকস কর্তৃক প্রদান করা হয়। তিনি কর্মক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ১৯৭৬ সালে পদ্মশ্রী, ২০২০ সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত হয়েছেন।

88. (d) সঞ্জয় মেহতা ফিকির প্রেসিডেন্ট হিসাবে পূর্ববর্তী পদাধিকারী উদয় শংকরের স্থলাভিষিক্ত হলেন।

**এক নজরে ফিকি –** অ্যাচিভার্স

✓ প্রতিষ্ঠাকাল– ১৯২৭

✓ সদর দপ্তর– নতুন দিল্লি

89. (c) ১০ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে 'হিউম্যান রাইটস ডে' উদযাপিত হল। ১৯৪৮ সালে প্রথম এই দিবস উদযাপিত হয়েছিল। এবছর এই দিবসের থিম হল– 'Equality : Reducing Inequalities, advancing human rights'।

90. (b) উত্তরপ্রদেশ রাজ্যে ভারতের মধ্যে সবচেয়ে বেশি নথিভুক্ত ইলেকট্রিক ভেহিক্যাল রয়েছে। এপর্যন্ত ভারতে মোট নথিভুক্ত ইলেকট্রিক ভেহিক্যালের সংখ্যা হল ৮,৭০,১৪১ যার মধ্যে উত্তরপ্রদেশে রয়েছে ২,৫৫,৭০০টি।

91. (a) ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্ক গ্রাহক এবং নন-গ্রাহকদের বাড়িবাড়ি বিল পেমেন্ট সংক্রান্ত পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য NPCI Bharat Bill Pay Ltd. এর সঙ্গে মউ স্বাক্ষর করল।

**এক নজরে IPPB –** অ্যাচিভার্স

✓ প্রতিষ্ঠাকাল– ১ সেপ্টেম্বর, ২০১৮

✓ সদর কার্যালয়– নতুন দিল্লি

92. (b) নীনা গুপ্ত একজন গণিতজ্ঞ। তিনি বর্তমানে কলকাতা আইএসআই এর অধ্যাপিকা হিসাবে কর্মরত আছেন। বীজগাণিতিক জ্যামিতি এবং পরিবর্তনমূলক বীজগণিতে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হল।

93. (c) রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্টানিও গুয়েতরস কর্তৃক ইউনিসেফের এগজিকিউটিভ ডিরেক্টর হিসাবে ক্যাথারিন রাসেল পূর্ববর্তী পদাধিকারী হেনরিয়েটা ফোর এর স্থলাভিষিক্ত হলেন।

94. (b) সম্প্রতি ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট (IMD) কর্তৃক প্রকাশিত 'World Talent Ranking' এর তালিকায় ভারত ৫৬তম স্থানে রয়েছে। যে তালিকায় প্রথম স্থানে রয়েছে সুইৎজারল্যান্ড।

95. (c) হরনাজ কৌর সান্ধু ভারতের পাঞ্জাবী চলচ্চিত্র আইডল। তিনি তৃতীয় ভারতীয় হিসাবে (সুস্মিতা সেন ও লারা দত্ত)

এই খেতাব জয়লাভ করলেন। তিনি ২০১৯ সালে ফেমিনা মিস ইন্ডিয়া পাঞ্জাব ও ২০২১ সালে মিস দিভা ইউনিভার্স সম্মানে ভূষিত হয়েছিলেন। অ্যাচিভার্স

96. (b) সম্প্রতি সংযুক্ত আরব আমিরশাহির আবুধাবিতে অনুষ্ঠিত ২০২১ সালের আবুধাবি গ্রাঁপিতে চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন। এই প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অধিকার করেছেন ব্রিটেনের লুইস হ্যামিল্টন।

97. (c) সম্প্রতি ইক্যুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক ‘চোলামণ্ডল এমএস জেনারেল ইন্সিয়োরেন্সের যৌথ সহযোগিতায় মহিলাদের জন্য স্বাস্থ্য সংক্রান্ত বিমা পলিসি 'Chola Sarva Shakti' চালু করেছে।

**এক নজরে Equitas SFB–** অ্যাচিভার্স

✓ প্রতিষ্ঠাকাল– ২০১৬

✓ সদর কার্যালয়– চেন্নাই

98. (b) উত্তরপ্রদেশ সরকার কৃষিক্ষেত্রের উন্নয়নমূলক নীতি বাস্তবায়নের জন্য আত্মনির্ভর কৃষক ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট স্কিম চালু করল। এই প্রকল্প বাস্তবায়িত করতে প্রথম দশ বছরের জন্য ১২২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

99. (c) NTPC অন্ধ্রপ্রদেশের সিমাদ্রিতে 'Standalone Fuel-Cell' ভিত্তিক ভারতের প্রথম ‘হাইড্রোজেন মাইক্রোগ্রিড প্রোজেক্ট’ চালু করতে চলেছে।

**এক নজরে এনটিপিসি—** অ্যাচিভার্স

✓ প্রতিষ্ঠাকাল– ১৯৭৫

✓ সদর কার্যালয়– নতুন দিল্লি

100. (c) অসমে যুবসমাজের দক্ষতামূলক উন্নয়নের জন্য ‘অসম স্কিল ইউনিভার্সিটি’ গড়ে তোলার জন্য এডিবি ১১২ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

★★★